

ছাত্রলীগের ছাত্র ধর্মঘট পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বাংলাদেশ ছাত্রলীগ গতকাল (মঙ্গলবার) সারাদেশের শিক্ষা-অধিদপ্তরে ছাত্র ধর্মঘট পালন করেছে। ২৪তম বিসিএস প্রিলিমিনারী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান, পিএসসি'র চেয়ারম্যানের পদত্যাগ এবং মেধা ও যোগ্যতার ভিত্তিতে শিক্ষা ও সরকারী চাকরিতে নিয়োগ দেয়ার দাবীতে ছাত্রলীগ এই কর্মসূচী পালন করে।

ছাত্রলীগের আহবানে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আর্থনিক ছাত্র ধর্মঘট পালিত হয়। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনসমূহ বন্ধ ছিল। কোন পরীক্ষা ও ক্লাস অনুষ্ঠিত হয়নি। তবে স্বাভাবিক ছিল প্রশাসনিক কার্যক্রম।

ছাত্রলীগের ধর্মঘট

প্রথম শিফটের সময় কেন্দ্রীয় লাইব্রেরীও খোলা ছিল। সকালে ছাত্রলীগের এফ রহমান হলের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আক্বাসকে ছাত্রলীগের কতিপয় কর্মী প্রহার করেছে বলে ছাত্রলীগ অভিযোগ করে। এছাড়া ধর্মঘট চলাকালে কোন ধরনের অশ্রীতিকর ঘটনা ঘটেনি। ছাত্র ধর্মঘটের সমর্থনে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা সকালে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দীন হিমুর পরিচালনায়, কলা ভবনের প্রধান গেটে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি নিয়াকত সিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বায়ু, সহ-সভাপতি মারুফা আক্তার পপি, রফিকুল ইসলাম কোতদার, আশরাফুল আজিম রব্বন, জহির উদ্দিন মাহমুদ লিপটন, যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল্লাহমান শিকর, সাংগঠনিক সম্পাদক বদিপুর রহমান, প্রচার সম্পাদক আবুল আশীম, মিরাজ হোসেন, শাহাদাত হোসেন সূজন প্রমুখ।